

কোস্টারিকা-বাংলাদেশ দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারে আলোচনা

- A Monitor Desk Report

Date: 24 January, 2026



ঢাকাঃ কোস্টারিকাতে সংযুক্ত বাংলাদেশের অনাবাসিক রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী দেশটির প্রেসিডেন্ট রোদ্রিগো চাভেস রৱেস, ভাইস প্রেসিডেন্ট ড. মেরি মুনিভে আংগারমুলার এবং পররাষ্ট্রমন্ত্রী আরনোল্ডো আন্দ্রে টিনোকোর সঙ্গে গৃহক সাক্ষাৎ ও বৈঠক করেছেন।

এসব বৈঠকে বাংলাদেশ-কোস্টারিকা দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার, বাণিজ্য সম্প্রসারণ ও বহুপাক্ষিক সহযোগিতা বৃদ্ধির বিভিন্ন দিক উঠে আসে।

শুক্রবার (২৩ জানুয়ারি) সান হোসের ন্যাশনাল থিয়েটার হলে আয়োজিত এক সংবর্ধনায় রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী কোস্টারিকার প্রেসিডেন্ট রোদ্রিগো চাভেস রৱেসের সঙ্গে সাক্ষাৎ করেন।

এ সময় তিনি বাংলাদেশের সরকার ও জনগণের পক্ষ থেকে প্রেসিডেন্টের প্রতি শুভেচ্ছা ও শুভকামনা জানান।

আলোচনায় দুই দেশের মধ্যে সহযোগিতা বাড়ানোর গুরুত্ব তুলে ধরা হয়। প্রেসিডেন্ট চাভেস বিশ্বব্যাপকের উর্ধ্বতন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে ঢাকায় তার সফরের স্মৃতিচারণ করেন এবং বাংলাদেশের অন্তর্ভুক্তি সরকারের প্রধান উপদেষ্টা ও নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনুসের প্রতি গভীর শ্রদ্ধা প্রকাশ করেন। রাষ্ট্রদূত তাকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান।

এর আগে বৃহস্পতিবার কোস্টারিকার পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত আনুষ্ঠানিক অনুষ্ঠানে রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী ভাইস প্রেসিডেন্ট ড. মেরি মুনিভে আংগারমুলারের কাছে তার পরিচয়পত্র পেশ করেন।

‘ইয়েলো হাউস’-এ পৌঁছালে তাকে গার্ড অব অনার প্রদান করা হয় এবং বাংলাদেশ ও কোস্টারিকার জাতীয় সংগীত পরিবেশিত হয়। পরিচয়পত্র পেশের পর ভাইস প্রেসিডেন্টের সঙ্গে সৌজন্য সাক্ষাতে পররাষ্ট্রমন্ত্রী আরনোল্ডো আন্দ্রে টিনোকো উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে রাষ্ট্রদূত ব্যবসা-থেকে-ব্যবসা যোগাযোগ জোরদার, বিশেষ করে তৈরি পোশাক ও ওষুধ শিল্পে বাণিজ্য সম্প্রসারণের সম্ভাবনার কথা তুলে ধরেন। জলবায়ু অভিযোজন ক্ষেত্রে সহযোগিতা, কূটনৈতিক ও সরকারি পাসপোর্টধারীদের জন্য ভিসা অব্যাহতি এবং বাংলাদেশি ব্যবসায়ীদের ভিসা প্রক্রিয়া সহজীকরণের বিষয়েও আলোচনা হয়।

ভাইস প্রেসিডেন্ট ড. মেরি মুনিভে আংগারমুলার বাংলাদেশের সঙ্গে সম্পর্ক আরও গভীর করার আগ্রহ প্রকাশ করেন। উভয় দেশে আগামী ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে উল্লেখ করে তিনি গণতান্ত্রিক মূল্যবোধ রক্ষা এবং নির্বাচনকালীন ভ্রান্ত তথ্য মোকাবিলার গুরুত্বের ওপর জোর দেন। মানবাধিকার ও গণতন্ত্র প্রসারে রাষ্ট্রদূত মুশফিকের ভূমিকার প্রশংসাও করেন তিনি।

এছাড়া রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী কোস্টারিকার পররাষ্ট্রমন্ত্রী আরনোল্ডো আন্দ্রে টিনোকোর সঙ্গে পৃথক বৈঠক করেন। বৈঠকে বাণিজ্য সহযোগিতা জোরদার, বাংলাদেশ থেকে আমদানি বৃদ্ধি এবং কোস্টারিকার উন্নয়নে বাংলাদেশি জনশক্তির সম্ভাব্য অবদান নিয়ে আলোচনা হয়। এ সময় ২০৩১-২০৩২ মেয়াদে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্যপদের জন্য বাংলাদেশের প্রার্থিতায় কোস্টারিকার সমর্থন কামনা করা হয়।

পররাষ্ট্রমন্ত্রী আশ্বাস দিয়ে জাতিসংঘ মহাসচিব পদে কোস্টারিকার প্রার্থিতার বিষয়টি তুলে ধরেন এবং জাতিসংঘ বাণিজ্য ও উন্নয়ন সংস্থার প্রধান হিসেবে রেবেকা গ্রিন্সপানকে সমর্থন দেয়ার প্রত্যাশা ব্যক্ত করেন। তিনি জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের অবদানের প্রশংসা করেন।

রাষ্ট্রদূত সান হোসেতে অবস্থিত **MEDIGRAY** নামের একটি ওষুধ উৎপাদন, বিপণন ও বিতরণ প্রতিষ্ঠান পরিদর্শন করেন। এ সময় তিনি বাংলাদেশের ওষুধ শিল্পের সক্ষমতা ও আন্তর্জাতিক মান তুলে ধরেন এবং বাংলাদেশ থেকে ওষুধ আমদানির সম্ভাবনা বিবেচনার আহ্বান জানান। পাশাপাশি তিনি কোস্টারিকায় বসবাসরত বাংলাদেশি প্রবাসীদের সঙ্গে সাক্ষাৎ করে তাদের খৌজখবর নেন।

-B